

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৫৩২  
আগরতলা, ১২ জানুয়ারী, ২০ ১৮।

অমরপুরে দু'দিনব্যাপী আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে এবং অমরপুর আই সি ডি এস প্রজেক্টের সহযোগিতায় ৪ এবং ৫ জানুয়ারী দু'দিনব্যাপী আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। অমরপুর পুরোনো টাউন হলে আয়োজিত এই শিবিরের উদ্বোধক ছিলেন বিধায়ক পরিমল দেবনাথ। এছাড়া, উপস্থিত ছিলেন অমরপুর আই সি ডি এস প্রজেক্টের সি ডি পি ও পঙ্কজ দত্ত, সমাজসেবী বাসনা দাস সূত্রধর, সমাজসেবী আলো ভৌমিক, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন তরুণ চক্রবর্তী, অমরপুরের এস ডি পি ও সৌভিক দে, উদয়পুর কোর্টের এডভোকেট সুমন্তা চক্রবর্তী, অমরপুর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন দীপালি সেন, মহিলা কমিশনের আইন আধিকারিক দেবস্মিতা চক্রবর্তী। দু'দিনব্যাপী আইনী সচেতনতা শিবিরে সভাপতিত্ব করেন ত্রিপুরা মহিলা কমিশনের সদস্যা নিয়তি রায় বর্মণ।

বিধায়ক পরিমল দেবনাথ রাজ্য মহিলা কমিশনের এই উদ্যোগকে সাধুবাদ জানান। সাংবিধানিক আইন ছাড়াও বিভিন্ন সময়ে অবস্থার পরিপ্রেক্ষিতে নানা আইন মহিলাদের সুরক্ষার জন্য তৈরী হয়েছে। এই আইন সম্পর্কে সমাজের নারী পুরুষ সবাই সচেতন নয়। মহিলা কমিশনের এই আইনী সচেতনতা শিবির অমরপুরবাসীর খুব উপকার হবে। বিবাহ নিবন্ধীকরণ শিবিরও হয় ত্রিপুরায়। এর সুযোগ নিতে পারেন দম্পতিরা। তিনি বলেন, নারী নির্যাতনের বিরুদ্ধে শুধু নারীরাই বলবেন -- এমন নয়। পুরুষদেরও আরও প্রতিবাদী হতে হবে। এসব সমাজ থেকে দূর করার জন্য সবাইকে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানের সভানেত্রী ত্রিপুরা মহিলা কমিশনের সদস্যা নিয়তি রায় বর্মণ উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান। দু'দিনের সচেতনতা শিবিরে অতিথিগণ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*